

## 🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:৩০

## 💵 আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

তারা কি বলছে, 'সে (মুহাম্মাদ) একজন কবি? আমরা তার মৃত্যুর প্রতীক্ষা করছি।' — আল-বায়ান তারা কি বলে সে একজন কবি, যার জন্য আমরা কালচক্রের (বিপদাপদের) অপেক্ষা করছি। — তাইসিরুল তারা কি বলতে চায় যে, সে একজন কবি, আমরা তার জন্য কালের বিপর্যয়ের প্রতীক্ষা করছি। — মুজিবুর রহমান Or do they say [of you], "A poet for whom we await a misfortune of time?" — Sahih International

৩০. নাকি তারা বলে, সে একজন কবি? আমরা তার মৃত্যুর প্রতীক্ষা করছি।

তাফসীরে জাকারিয়া

- (৩০) তারা কি বলতে চায় যে, 'সে একজন কবি? আমরা তার জন্য কালের বিপর্যয়ের (মৃত্যুর) প্রতীক্ষা করছি।' [1]
  - [1] مَنُوْنُ पृञ्जूत नामসমূহের একটি নাম। আয়াতের তাৎপর্য হল, মক্কার কুরাইশগণ এই অপেক্ষায় ছিল যে, হয়তো মুহাম্মাদ কালের কোন দুর্ঘটনায় মারা যাবে, আর আমরা স্বস্তি লাভ করব; যে স্বস্তি তার তাওহীদের দাওয়াত আমাদের কাছে থেকে ছিনিয়ে নিয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4765

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন